# নির্বাচনে বিজয় নিশ্চিত করতে সারাদেশে সক্রিয় প্রচেষ্টার আহ্বান জামায়াত নেতার




সংগৃহীত ছবি

জামায়াতের কেন্দ্রীয় শূরা সদস্য অধ্যাপক লিয়াকত আলী ভূইয়া বলেছেন, ত্রয়োদশ জাতীয় নির্বাচনে শুধুমাত্র নিজ নিজ আসনের চিন্তা না করে সারাদেশের প্রার্থীদের জয় নিশ্চিতে নেতাকর্মীদের একসাথে কাজ করতে হবে। তিনি ফ্যাসিবাদ প্রতিহত করে জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

আসন্ন ত্রয়োদশ জাতীয় নির্বাচন সামনে রেখে প্রার্থীদের বিজয় নিশ্চিত করতে সারাদেশে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় শূরা সদস্য অধ্যাপক লিয়াকত আলী ভূইয়া।

মঙ্গলবার (১৯ আগস্ট) রাতে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে ঢাকাস্থ ফেনী সদর উন্নয়ন পরিষদের উদ্যোগে আয়োজিত প্রীতি সমাবেশে তিনি এ বক্তব্য দেন।

তিনি বলেন, “শুধুমাত্র নিজের আসনের দিকে মনোযোগ দিলেই হবে না। বিজয় নিশ্চিত করতে সার্বিকভাবে দেশের নির্বাচনী পরিস্থিতির দিকে নজর দিতে হবে। ভোটারদের সঙ্গে নিবিড় যোগাযোগ গড়ে তুলতে হবে, তাহলেই প্রার্থীদের জয় সম্ভব হবে।”

LENS ASIA

দেশকে ফ্যাসিবাদের কবল থেকে রক্ষা করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে অধ্যাপক লিয়াকত আলী ভূইয়া আরও বলেন, “যারা জনগণের ভোটাধিকার হরণ করতে চাইবে, তাদের প্রতিহত করতে হবে জনতার শক্তির মাধ্যমে। নতুন প্রজন্ম নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকার করেছে। জুলাই গণঅভ্যুত্থানে যারা আত্মত্যাগ করেছেন, তাদের রক্ত বৃথা যেতে দেয়া হবে না।”